

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 22-11-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

\*\*\*\*\*

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সেকেন্দ্রাবাদের বোল্লারামের রাষ্ট্রপতি নিলয়ে গতকাল ভারতীয় কলা মহোৎসবের দ্বিতীয় সংস্করণের সূচনা করেন। অনুষ্ঠানে রাষ্ট্রপতি দেশের জনগণকে, বিভিন্ন অংশের সংস্কৃতির মেলবন্ধন ঘটানোর আর্জি জানান। তিনি বলেন, এই ধরনের অনুষ্ঠান ভারতের সাংস্কৃতিক বৈচিত্র্য সম্পর্কে জানতে বিশেষ উপযোগী।

\*\*\*\*\*

**PM-G 20 :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তিন দিনের G-20 শীর্ষ সম্মেলনে যোগ দিতে দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে অংশ নিচ্ছেন। সম্মেলনের ফাঁকে শ্রী মোদী অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্টনি আলবানিজের সঙ্গে বৈঠক করেছেন। দুই নেতা ভারত ও অস্ট্রেলিয়ার মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের পূর্ণাঙ্গ পর্যালোচনা করেছেন। এই বছরের শীর্ষ সম্মেলনের ভাবনা হল "সংহতি, সমতা এবং স্থায়িত্ব"।

\*\*\*\*\*

**CM Heritage Festival :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, দেশ ও জাতিকে এগিয়ে নিয়ে যেতে যুবাদের ভূমিকা অপরিসীম। গতকাল স্বামী বিবেকানন্দ ময়দানে যুব

বিকাশ কেন্দ্র ও বাজাজ ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে আয়োজিত ৪র্থ বর্ষ আন্তর্জাতিক হেরিটেজ ফেস্টিভেলের উদ্বোধন করে তিনি একথা বলেন। ফেস্টিভেলে দেশের ২৬টি রাজ্য থেকে ৪০০ জন ও ৭টি দেশের ১৭ জন যুবা প্রতিনিধি অংশগ্রহণ করেন।

\*\*\*\*\*

### **Nagar Panchayat :**

রাজ্য সরকার বিশ্রামগঞ্জ নগর পঞ্চায়েত নামে আরো একটি নগর পঞ্চায়েত গঠনের সিদ্ধান্ত নিয়েছে। এই নগর পঞ্চায়েত গঠনের জন্য রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর পক্ষে সচিব অভিষেক সিং বিজ্ঞপ্তি জারি করেছেন। নগর উন্নয়ন দপ্তর সূত্রে জানা গেছে, সিপাহীজলা জেলার অন্তর্গত চড়িলাম আর ডি ব্লকের বিশ্রামগঞ্জ, চেসরিমাই ও বড়জলা-এই তিনটি গ্রাম পঞ্চায়েত নিয়ে বিশ্রামগঞ্জ নগর পঞ্চায়েত গঠন করা হবে। তাছাড়া রাজ্য সরকার উদয়পুর পুরপরিষদ ও মোহনপুর পুর পরিষদের সীমা বাড়ানোরও সিদ্ধান্ত নিয়েছে। এর ফলে মাতাবাড়ি আর ডি ব্লকের ফুলকুমারী গ্রাম পঞ্চায়েতের চার, পাঁচ, ছয় ও সাত নং ওয়ার্ডের কিছু অংশ উদয়পুর পুর পরিষদের অন্তর্ভুক্ত হবে। মোহনপুর আর ডি ব্লকের হরিণাখোলা গ্রাম পঞ্চায়েতের মধ্য হরিণাখোলা ও হরিণাখোলা শিবিরের কিছু অংশ মোহনপুর পুর পরিষদের অন্তর্ভুক্ত হবে। বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে যে, বিশ্রামগঞ্জ নগর পঞ্চায়েত গঠন এবং উদয়পুর ও মোহনপুর পুর পরিষদের সীমা বৃদ্ধি নিয়ে গেজেট নোটিফিকেশন জারির পর এক মাসের মধ্যে ঐ সমস্ত অঞ্চলের বাসিন্দারা কোন আপত্তি থাকলে, লিখিতভাবে সেই আপত্তি নগর উন্নয়ন দপ্তরের সচিবের কাছে জমা দিতে পারবেন।

\*\*\*\*\*

### **Book Fair :**

৪৪তম আগরতলা বইমেলা আগামী দোসরা জানুয়ারি থেকে হাঁপানিয়াস্থিত আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে শুরু হবে। ১৩ দিনব্যাপী এই মেলা চলবে আগামী ১৪ই জানুয়ারি পর্যন্ত। বইমেলায় অংশগ্রহণ করতে আগ্রহী রাজ্যের ও বহিঃরাজ্যের বই প্রকাশনা সংস্থা এবং বই বিক্রেতাদের আগামী ১২ই ডিসেম্বরের মধ্যে তথ্য ও সংস্কৃতি দপ্তরে আবেদন করার অনুরোধ জানিয়েছেন অধিকর্তা বিশ্বিসার ভট্টাচার্য।

\*\*\*\*\*

### **Unity March :**

সর্দার বল্লভ ভাই প্যাটেলের ১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষে আগামী ২৪ নভেম্বর, সোমবার আগরতলায় একতা যাত্রা অনুষ্ঠিত হবে। অতিরিক্ত জেলাশাসক অসিত কুমার দাস গতকাল এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, সকাল ৭টায় সার্কিট হাউস সংলগ্ন গান্ধী মূর্তির সামনে থেকে একতা যাত্রা শুরু হবে। শেষ হবে নরসিংগড়ের নারায়নপুরে।

\*\*\*\*\*

### **State Level World Fisheries Day :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস বলেছেন, মৎস্য উৎপাদনে রাজ্যকে স্বয়ং সম্পূর্ণ করার লক্ষ্যে সরকার কাজ করছে। গতকাল আগরতলার মুক্তধারা অডিটরিয়ামে রাজ্যভিত্তিক বিশ্ব মৎস্য দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। অনুষ্ঠানে ধর্মনগর, কমলপুর, বিলোনীয়া, সোনামুড়া এবং করবুক মৎস্য মহকুমার ৫ জন মৎস্যজীবীকে উন্নত মাছের চাষের জন্য কৃষিগণ ক্রেডিট কার্ডের মাধ্যমে ৭ লক্ষ ৬ হাজার টাকা ঋণ দেওয়া হয়েছে।

\*\*\*\*\*

## **Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে নভেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন কি বাত' অনুষ্ঠানে দেশ ও বিদেশের মানুষের সাথে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি "মন কি বাতে"র ১২৮তম পর্ব হবে। এই অনুষ্ঠানের জন্য জনগণ তাদের ধারণা এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে জানাতে পারবেন।

\*\*\*\*\*

## **Journalists Pension Scheme :**

সম্প্রতি রাজ্য মন্ত্রিসভার বৈঠকে ত্রিপুরা জার্নালিস্টস পেনশন স্কিম ২০২১ এবং দ্য ত্রিপুরা মিডিয়া রিপ্রেজেন্টেটিভস অ্যাক্রিডিটেশন গাইডলাইনস ২০২০-এর সংশোধন করা হয়েছে। সংশোধনীতে নতুন কিছু বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। সাংবাদিকদের পেনশন পাওয়ার ক্ষেত্রে ন্যূনতম বয়সসীমা ও অ্যাক্রিডিটেশন কার্ড সম্বন্ধীয় বিধিতে প্রয়োজনীয় পরিবর্তন আনা হয়েছে। সাংবাদিকদের পেনশন পেতে গেলে পরিবারের আয় সম্পর্কিত যে উর্ধ্বসীমা ধার্য করা হয়েছিলো, তাও বিলোপ করা হয়েছে। মামলায় অভিযোগের প্রমাণ সাপেক্ষে সাংবাদিক পেনশন অব্যাহত রাখার ব্যাপারেও সংশোধন আনা হয়েছে।

\*\*\*\*\*

## **Rajib Bhattacharjee :**

প্রদেশ বিজেপি সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য শারীরিক অসুস্থতার জন্য বর্তমানে আগরতলায় একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল ওই হাসপাতালে গিয়ে শ্রী ভট্টাচার্যকে দেখেন এবং তাঁর শারীরিক অবস্থা সম্পর্কে খোঁজখবর নেন।

\*\*\*\*\*

## Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে।  
আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।  
আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৮ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*